# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date: 25-01-2026** **Time: 1.30 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আকাশবাণীর ১৩০ তম মন কি বাত অনুষ্ঠানে নতুন ভোটারদের নাম নথিভুক্ত হওয়ার ঘটনাকে উদযাপন করার আহ্বান জানান।

২) প্রধানমন্ত্রী বলেছেন, স্টার্ট আপ ক্ষেত্রে ভারত উদ্ভাবনী শক্তির পরিচয় দিচ্ছে।

# তিনি এই ধরনের সংস্থাগুলিকে গুণমান বজায় রেখে কাজ করার কথা মনে করিয়ে দিয়েছেন।

৩) ষোড়শ ‘জাতীয় ভোটার দিবস’, আজ দেশজুড়ে পালন করা হচ্ছে। এই বছরের জাতীয় ভোটার দিবসের থিম ‘আমার ভারত, আমার ভোট’।

# নতুন দিল্লিতে মূল অনুষ্ঠানে নতুন ভোটারদের হাতে এপিক কার্ড তুলে দিচ্ছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

৪) রাষ্ট্রপতি আজ সন্ধ্যায় ৭৭-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন।

৫) মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবল তুষার ঝড়ে কয়েক হাজার বিমান বাতিল করা হয়েছে।

৬) গুয়াহাটিতে আজ তৃতীয় T-20 ক্রিকেট ম্যাচে ভারত ও নিউজিল্যান্ড মুখোমুখি হবে।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ১৩০-তম মন কি বাত অনুষ্ঠানে **প্রথমবারের ভোটার**দের শুভেচ্ছা জানিয়েছেন। তিনি বলেছেন, জন্মদিন উদযাপন করার মত এই দিনটিও উদযাপন করা প্রয়োজন। কোনো তরুণ প্রথমবার ভোটার হলে গোটা মহল্লা একজোট হয়ে মিষ্টি বিতরণ করা উচিত। এতে ভোটদানের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি পাবে। তরুণদের প্রতি তিনি আহ্বান জানিয়ে বলেন, ১৮ বছর হলে তারা যেন অতি অবশ্যই ভোটার হিসাবে নিজেদের নাম নথিভুক্ত করেন।

পাশাপাশি **২৬ শে** জানুয়ারির প্রক্কালে শ্রী মোদী আজ তাঁর ‘মন কি বাতে’ দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সংবিধান  নির্মাতাদের প্রতি তাঁর শ্রদ্ধা প্রকাশ করেছেন।

( বাইট- ভোটার )

এদিন তিনি সকল স্তরের ভোটকর্মীদের প্রশংসা করে বলেন, গণতন্ত্রকে সজীব রাখার জন্য তারা উল্লেখযোগ্য ভূমিকা পালন করছেন।

শ্রী মোদী আজ ভারতের **স্টার্টআপ** সংস্থাগুলির উল্লেখযোগ্য অবদানের কথা স্মরণ করেছেন। তাঁর মতে ভারতে আজ বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টার্টআপ বাস্তুতন্ত্র গড়ে উঠেছে এইসব স্টার্টআপগুলির অভিনব। এআই, স্পেস, নিউক্লিও শক্তি, সেমিকনডাক্টর, গ্রীন হাইড্রজেন জৈব প্রযুক্তি প্রভৃতি ক্ষেত্রে স্টার্টআপগুলির উদ্ভাবনী শক্তির পরিচয় রাখছে। তিনি স্টার্টআপ পরিচালকদের গুণগত মান বজায় রাখার দিকে বিশেষভাবে দৃষ্টি রাখার অনুরোধ করেছেন।

*************************************************************************

শ্রী মোদী মনে করেন, **ভারতের পরিবার** ব্যবস্থা এবং সামাজিক শক্তি একযোগে মিলিত হয়ে অনেক বড় বড় চ্যালেঞ্জের মোকাবিলা করতে সক্ষম। এ প্রসঙ্গে অনন্তনাগের শেখ গুন্ডগ্রামের উদাহরণ তুলে ধরে বলেছেন, এখানে ড্রাগস, তামাক, সিগারেট ও মদের নেশা অত্যন্ত বেড়ে গিয়েছিল। এই পরিস্থিতিতে গ্রামের নবীন প্রবীণদের একজোট করে মীরজাফর নামে এক ব্যক্তির সমস্যা দূরীকরণে উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছেন।

নিঃস্বার্থ **সমাজ সেবার** উদাহরণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী আজ **পশ্চিমবঙ্গে পূর্ব মেদিনীপুরের ফরিদপুর গ্রামের বিবেকানন্দ লোক শিক্ষা নিকেতন** সংস্থাটির কথা উল্লেখ করে জানান, এই সংস্থা গুরুকুল পদ্ধতিতে শিক্ষাদানের পাশাপাশি শিশু ও প্রবীণদের দেখাশুনা করারও দায়িত্ব নিয়েছে।

(বাইট- WB সমাজসেবা)

প্রধানমন্ত্রী জানান, অসমের নওগাঁও-তেও কিছু কিছু মানুষ একযোগে নিজেদের রাস্তাঘাট পরিস্কার করার শপথ নিয়েছেন। ইটানগরে যুব সম্প্রদায় একজোট হয়ে এখনও পর্যন্ত ১১ লক্ষ কিলোগ্রামেরও বেশি বর্জ্য পরিস্কার করেছে। বেঙ্গালুরুতেও একইভাবে পেশাদার মানুষরা একত্রে ইলেক্ট্রনিক সামগ্রীর দূষণ থেকে মুক্তি পাওয়ার চেষ্টা চালাচ্ছেন। 'মন কি বাতে' প্রধানমন্ত্রী পরিবেশ সংরক্ষণের ওপর জোর গিতে গিয়ে পশ্চিমবঙ্গের কোচবিহারের অধিবাসী বিনয় দাসের প্রচেষ্টার কথা উল্লেখ করেন। তিনি নিজের হাতে এক হাজার গাছ লাগিয়েছেন। স্থানীয় মানুষ ও ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিতভাবে এই চেষ্টা চালাচ্ছেন বলে শ্রী মোদী জানান।

( বাইট- WB বিনয় )

পরিবেশ সংরক্ষণের ভাবনা বহু স্তরে পরিলক্ষিত হচ্ছে। কোটি কোটি মানুষ এই অভিযানে যুক্ত হয়েছেন। এখনও পর্যন্ত দেশে ২০০ কোটিরও বেশি **গাছ লাগানো** হয়েছে। এটি প্রমাণ করে যে, পরিবেশ সংরক্ষণ নিয়ে মানুষ এখন অনেক বেশি সচেতন এবং কোনো না কোনো ভাবে তাতে যুক্ত থাকতে চান।

'মন কি বাতে'র এই পর্বে প্রধানমন্ত্রী শ্রী অন্ন বা মিলেট উত্পাদনে দেশের মানুষের আগ্রহ বৃদ্ধির কথা তুলে ধরে বলেন, ২০২৩ ছিল মিলেট ইয়ার। আজ তিন বছর বাদেও মিলেট নিয়ে দেশ এবং সারা বিশ্বে আগ্রহ ও দায়বদ্ধতা বেড়ে চলেছে। অনেক জায়গায় মন্দিরে প্রসাদ হিসাবে শুধুমাত্র শ্রী অন্নেরই ব্যবহার করা হচ্ছে।

প্রধানমন্ত্রী বলেছেন, ভারতের ঐতিহ্য ও সংস্কৃতিকে তুলে ধরার ক্ষেত্রে মালয়েশিয়ায় বসবাসরত ভারতীয় বংশোদ্ভূতরা প্রশংসনীয় কাজ করে চলেছেন। মালেশিয়ায় ৫০০-রও বেশি তামিল স্কুল রয়েছে। এখানে তামিল ভাষা শিক্ষার সঙ্গে সঙ্গে অন্য বিষয়েও তামিলে পড়ানো হয়। এছাড়া সেদেশে তেলেগু, পাঞ্জাবী সহ নানা ভারতীয় ভাষাও ওপর জোর দেওয়া হচ্ছে।

**********************************************************************

ষোড়শ জাতীয় ভোটার দিবস আজ দেশজুড়ে পালন করা হচ্ছে। নতুন দিল্লিতে নির্বাচন কমিশন আয়োজিত জাতীয় ভোটার দিবস উদযাপন অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সভাপতিত্ব করেছেন। 'ভারতীয় গণতন্ত্রের চালিকাশক্তির মূল নায়ক হলেন দেশের নাগরিক' এই ভাবনাকে সামনে রেখে এই বছরের জাতীয় ভোটার দিবসের থিম করা হয়েছে 'আমার ভারত, আমার ভোট'। রাষ্ট্রপতি আজ এই অনুষ্ঠানে নতুন ভোটারদের হাতে এপিক কার্ড তুলে দেন।সেই সঙ্গে তিনি প্রযুক্তি ব্যবহার, নির্বাচন ব্যবস্থাপন, পরিকাঠামো নির্মাণ, আদর্শ আচরণবিধি কার্যকর করা ও ভোটার সচেতনতা বাড়ানোর প্রয়াসের জন্য উল্লেখযোগ্য অবদান রাখায়, কয়েকজন ভোটকর্মীর হাতে বিশেষ পুরস্কার তুলে দেন।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন তাঁর বার্তায় বলেছেন,গত ৭৫ বছর ধরে দেশের ইতিহাস গণতন্ত্রের অন্তর্ভুক্তিমূলক পদক্ষেপ, শক্তি ও সুস্থিতির প্রমাণ রেখেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সামাজিক মাধ্যমে MY-Bharat স্বেচ্ছাসেবীদের উদ্দেশ্য করে লেখা একটি চিঠি শেয়ার করেছেন।চিঠিতে তিনি প্রথমবারের ভোটারদের একসঙ্গে সোৎসাহের সঙ্গে ঘটনাটি উদযাপন করার অনুরোধ করেন।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, নিশ্ছিদ্র ভোটার তালিকা গণতন্ত্রের ভিত্তি। এই দিকে লক্ষ্য রেখেই ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা SIR করা হচ্ছে। উদ্দেশ্য খুবই স্পষ্ট, যোগ্য সব ভোটারের নাম তালিকায় তোলা ও অযোগ্যদের নাম তালিকা থেকে বাদ দেওয়া।

**********************************************************************

৭৭-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন। আকাশবাণীর সবকটি প্রচার তরঙ্গ সন্ধ্যে ৭টা থেকে সেই ভাষণ সম্প্রচার করবে। রাত সাড়ে ৯টায় রাষ্ট্রপতির ভাষনের বাংলা তর্জমা প্রচারিত হবে।

রাষ্ট্রপতির ভাষণের কারণে আজ সন্ধ্যে ৭টা ৩৫ মিনিটের বাংলা সংবাদ ও রাত ৮টা দশের খেলার খবর বাতিল করা হয়েছে। আজ ও আগামীকাল (২৬ তারিখ) মৈত্রী প্রচার তরঙ্গে রাত সোয়া ৯টার বিশ্ব পরিক্রমা ১৫ মিনিটের হবে।

এফ এম রেইনবোর আজকের সন্ধ্যে ৭টার ২ মিনিটের সংবাদ হেডলাইন হবে না। আগামীকাল ২৬ শে জানুয়ারি সকাল ১০টা এবং বেলা ১১টার হেডলাইনও বাতিল থাকছে।

দিল্লি থেকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের ধারা বিবরনী বেলা ১২টার পরেও চললে ১২টার হেডলাইন বাতিল হবে। পাশাপাশি সাধারণতন্ত্র দিবসে সকাল ১০ টা ১০ মিনিটের সঞ্চয়িতা থেকে প্রচারিত স্থানীয় সংবাদ বাতিল থাকবে এবং আজ দিল্লি থেকে আকাশবাণীর পডকাস্ট প্রচারিত হলে রাত ৯টার এফ এম রেইনবোর হেডলাইন সম্প্রচারিত হবে না।

****************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রে সপ্তাহের শেষে শীতকালীন ঝড়ের বেগ বৃদ্ধি পাওয়ায় কয়েক হাজার উড়ান বাতিল হয়ে গেছে। আধিকারিকরা সতর্ক করে দিয়ে বলেছেন, এই রবিবার, আমেরিকার বিমান চলাচলের ইতিহাসে আবহাওয়া জনিত কারণে এতবড় ব্যাঘাতের ঘটনা এই প্রথম হতে চলেছে। দেশের পূর্বাঞ্চলের দুই তৃতীয়াংশ জুড়ে প্রবল শৈত্যপ্রবাহের জন্য প্রস্তুত থাকতে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বিভিন্ন প্রদেশ কর্তৃপক্ষকে আপৎকালীন পরিস্থিতি ঘোষণার নির্দেশ দিয়েছেন। বিভিন্ন প্রদেশে ধ্বংসস্তুপ সরানো এবং নিরাপত্তামূলক ব্যবস্থা হিসেবে তিনি ফেডারেল এমারজেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি-কে জরুরি ভিত্তিতে সহায়তার কথা বলেছেন। আমেরিকায় অর্ধেকেরও বেশি অধিবাসী হিমাঙ্কের নীচে বিপুল পরিমাণে বরফের মধ্যে, প্রবল শৈত্যপ্রবাহ এবং বিদ্যুৎহীন অবস্থায় দিন কাটাচ্ছেন। সারাদেশে ১ লক্ষ ৩২ হাজারেরও বেশি বাড়িতে গতকাল থেকে বিদ্যুৎ পরিষেবা নেই।

****************************************************************

গুয়াহাটির বর্ষাপারা স্টেডিয়ামে, আজ টি -২০ সিরিজের তৃতীয় ম্যাচে ভারত , নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। ভারত এরআগে নাগপুর এবং নব রায়পুরে প্রথম দুটি ম্যাচ জিতে পাঁচ ম্যাচের টি -২০ সিরিজে ইতিমধ্যেই ২-০ তে এগিয়ে রয়েছে।

****************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, হিমাচল প্রদেশের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের একটি পোস্টে তিনি বলেন, হিমাচল প্রদেশ শুধু পূণ্য দেবভূমি হিসেবেই পরিচিত নয়, একইসঙ্গে বীরত্বের জন্য বীরভূমি হিসেবেও স্বীকৃতি পেয়েছে। এখানের প্রাকৃতিক সৌন্দর্যের কথা তুলে ধরে রাষ্ট্রপতি বলেছেন, এখানকার মানুষরা খুব পরিশ্রমী'ও। উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান'ও এই দিনে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানান। শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'ও।

****************************************************************